

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৯/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ তারিকুল ইসলাম লিংকন  
পিতা-মোঃ আব্দুল মজিদ মিয়া  
৬২/৩/বি, দক্ষিণ মুগদাপাড়া  
ঢাকা।

প্রতিপক্ষ : জনাব নজরুল ইসলাম মিশা  
জনসংযোগ কর্মকর্তা  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
বি. আই. ড্রিউ. টি. সি, ৫, দিলকুশা  
মতিবিল, ঢাকা।

**সিদ্ধান্তপত্র।**  
**(তারিখ : ১৫-০৭-২০১৪ ইং)**

অভিযোগকারী জনাব মোঃ তারিকুল ইসলাম লিংকন তার দাখিলকৃত ২২/২০১৪ নং অভিযোগের বিষয়ে ০৮-০৫-২০১৪ ও ২৯-০৫-২০১৪ তারিখে বি. আই. ড্রিউ. টি. সি এর জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নজরুল ইসলাম মিশা এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ২২/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানী অন্তে তথ্য কমিশন কর্তৃক তথ্য সরবরাহ করার নির্দেশ দেয়া হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) যে তথ্য সরবরাহ করেন তা হয়রানীমূলক ও বিভাগিকর এবং প্রার্থীত তথ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। অভিযোগকারী তার অভিযোগে প্রার্থীত তথ্য সরবরাহ না করে হয়রানীমূলক ও বিভাগিকর তথ্য সরবরাহ করায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর শাস্তি এবং প্রার্থীত তথ্য আদায়ের ব্যবস্থা গ্রহণের দাবী জানান।

০২। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৫-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ তারিকুল ইসলাম লিংকন ও প্রতিপক্ষ বি. আই. ড্রিউ. টি. সি এর জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নজরুল ইসলাম মিশা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে যে তথ্য সরবরাহ করেছেন তা হয়রানীমূলক ও বিভাগিকর এবং প্রার্থীত তথ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। এ বিষয়ে তিনি তথ্য অধিকার আইন অনুযায়ী প্রতিকার প্রার্থনা করে অভিযোগ দাখিল করেন।

০৪। বি. আই. ড্রিউ. টি. সি এর জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করা হয়েছে। তবে অভিযোগকারীর প্রার্থীত তথ্য সুস্পষ্ট ও সুনির্দিষ্ট না হওয়ায় তথ্য প্রদানের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হতে হয়েছে।

০৫। সুনির্দিষ্টভাবে কি তথ্য চাচ্ছেন কমিশন কর্তৃক এমন প্রশ্নের জবাবে অভিযোগকারী জানান, বিভাগীয় তদন্ত প্রতিবেদন ০৪ টির কপি, নিরীক্ষা বিভাগের প্রতিবেদন ও ৪৫০০০/- টাকা কর্তৃনের কারণ এই তিনটি তথ্য পাবার বিষয়টি কমিশনে উপস্থাপন করেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তা সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

(অ:পঃদ্র:)

## পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর যাচিত তথ্যাদি সুনির্দিষ্ট না হওয়ায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে যে তথ্য সরবরাহ করেছেন তা সুস্পষ্ট ও সুনির্দিষ্ট হয়নি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারী কর্তৃক শুনানীকালে উপস্থাপিত প্রার্থীত বিভাগীয় তদন্ত প্রতিবেদন ০৪ টির কপি, নিরীক্ষা বিভাগের প্রতিবেদন ও ৪৫০০০/- টাকা কর্তনের কারণ এই তিনটি তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। আগামী ২৪-০৭-২০১৪ তারিখ বা তদ্পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য বি. আই. ড্রিট. টি. সি এর জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।
- ২। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার